

## ২৪ শিশুকে শহর ঘুরিয়ে দেখাল হিন্দুস্থান মোটরস



নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ওরা অনেকেই এর আগে ভিক্টোরিয়া, প্রিন্সেপ ঘাট দেখেনি। ইডেন গার্ডেনের কথা শুনলেও, এতদিন তাও অদেখাই থেকে গিয়েছিল। শনিবার পিছিয়ে পড়া এমনই ২৪ জন শিশুকে শহর ঘোরাল হিন্দুস্থান মোটরস লিমিটেড। পাঁচ থেকে আট বছর বয়সের এই শিশুরা প্রত্যেকেই মিশনারিজ অব চ্যারিটি চালিত 'শিশু ভবন'-এর পড়ুয়া। কোম্পানির নতুন বি এস ফোর অ্যান্ড্রাসাডরে বস্তুবাসী এইসব শিশুদের শহর ভ্রমণ শুরু হয় সকাল সাড়ে ১০টায়। সন্ধ্যা ৮টা পর্যন্ত চলে ওই ভ্রমণ। আনন্দ-উৎসাহে শহর ঘুরে বেজায় খুশি কচিকাঁচার। -নিজস্ব চিত্র